অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/21/2021 **গভর্নর ক্যাথি হোকল**

ছুটির মৌসুম চলাকালীন সময়ে রেস্তোরাঁ শক্তিশালীকরণ কর্মসূচির মাধ্যমে অভাবী কমিউনিটিগুলোতে 200,000 আহার পৌঁছে দেয়া হবে বলে গভর্নর হোকলের ঘোষণা

25 মিলিয়ন ডলারের এই কর্মসূচি নারিশ নিউ ইয়র্ক ইনিশিয়েটিভ এর সফলতার সঙ্গে যোগ হতে যাচ্ছে, যা টিকে থাকার জন্য সংগ্রাম করে যাওয়া রেস্তোরাঁগুলোকে শক্তিশালী করার পাশাপাশি অভাবী পরিবারগুলোর জন্য খাবার যোগান দেয়ার ব্যবস্থা করবে

এই কর্মসূচির আওতাধীন রেস্তোরাঁগুলো নিউ ইয়র্ক স্টেটের অঞ্চল ও কমিউনিটিগুলোর বৈচিত্র্যের প্রতিনিধিত্ব করবে

গভর্নর ক্যাথি হোকল ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের রেস্তোরাঁ শক্তিশালীকরণ কর্মসূচি (Restaurant Resiliency Program) এই ছুটির মৌসুমের শেষ নাগাদ অভাবী নিউ ইয়র্কবাসীদের কাছে 200,000 খাবার পৌঁছে দিবে। এই কর্মসূচির সঙ্গে জড়িত সব রেস্তোরাঁ নিউ ইয়র্ক স্টেটের সব অঞ্চলে অবস্থিত এবং স্টেটের বৈচিত্র্যের প্রতিনিধিত্ব করবে, যেখানে বহু অংশগ্রহণকারী রেস্তোরাঁ কোশার ও হালাল খাবারের ব্যবস্থা করবে এবং সংখ্যালঘু ও মহিলাদের-মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানগুলোর প্রতিনিধিত্ব করবে।

"এই ছুটির মৌসুমে নিউ ইয়র্ক স্টেটের কোনো পরিবার ক্ষুধার্ত থাকবে না," **বলেছেন গভর্নর হোকল।** "মহামারী চলাকালীন সময়ে খাদ্য অনিরাপত্তার সম্মুখীন হওয়া নিউ ইয়র্কবাসীদের এবং কার্যক্রম সচল রাখতে সংগ্রাম করে যাওয়া রেস্তোরাঁগুলোকে সাহায্য করার জন্য রেস্তোরাঁ শক্তিশালীকরণ কর্মসূচি একটি অভিনব উপায় অবলম্বন করছে। এধরনের কর্মসূচিগুলো সহৃদয়তা ও সহযোগিতার স্পৃহা প্রদর্শন করে যা নিউ ইয়র্কের সফলতার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

এই কর্মসূচির মাধ্যমে কৃষি ও বাজার বিভাগ (Department of Agriculture and Markets) এখন পর্যন্ত রেস্তোরাঁগুলোর কাছ থেকে কয়েক শতাধিক আবেদন পেয়েছে, যাদের মধ্যে এক তৃতীয়াংশেরও বেশি সংখ্যালঘু ও মহিলাদের মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানগুলো থেকে এসেছে। সেগুলোর মধ্যে 215টি রেস্তোরাঁ অনুমোদন পেয়েছে যাদের মধ্যে কোশার ও হালাল খাবার প্রস্তুত করবে এমন 34টি রেস্তোরাঁও অন্তর্ভুক্ত রয়েছে। সেইসাথে, নিউ ইয়র্কের 10টি ফুড ব্যাংকের প্রত্যেকটির অঞ্চলগুলোতে থাকা রেস্তোরাঁগুলোকে অনুমোদন দেয়া হয়েছে, যা এই কর্মসূচির স্টেটব্যাপী বিস্তৃতির প্রমাণ। অনুমোদিত রেস্তোরাঁগুলোর তালিকা এখানে দেখুন।

অনুমোদিত রেস্তোরাঁ শক্তিশালীকরণ কর্মসূচির মিল প্ল্যানের উদাহরণের মধ্যে রয়েছে:

- **বার্চা (Barcha), নিউ ইয়র্ক, নিউ ইয়র্ক:** ফেসেস NY, ইনক. (FACES NY, Inc.) এবং ফুড ব্যাংক ফর দ্যা নিউ ইয়র্ক সিটি (Food Bank for New York City)-এর মাধ্যমে 1,400 খাবার বিতরণ করা হয়েছে।
    - এসব খাবারের মধ্যে ম্যারিনারা সস সহ বিফ মিটবল, হার্বড রাইস, ও মেসক্লুন স্প্রিং মিক্স সালাদ; ক্রিস্পি চিকেন, গার্লিক বাটার ম্যাশড পটেটো, ও হানি মাস্টার্ড ড্রেসিং সহ পাতা কপির সালাদ; ভেগান জিবারিটো উইথ কলোসাল টসটোন, অ্যাভোকাডো, পাকা টমেটো, অর্গানিক পালং শাক, জলপাই, ও আর্টিচোক; ভূমধ্যসাগরীয় গ্রিলড চিকেন, হার্ব রাইস, ও জুলিয়েন সবজি; ক্রিস্পি ফিশ, ক্রিমি ম্যাশড পটেটো, ও স্প্রিং মিক্স সালাদ; এবং বাটিভর্তি কুইনোয়া, অর্গানিক পালং শাক, মটর, গাজর, ও অ্যাভোকাডো, ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে।
    - সবগুলো খাবারে নিউ ইয়র্ক থেকে সংগ্রহ করা উপাদান ব্যবহার করা হবে।
- **ফায়ারসাইড হোল্ডিংস (Fireside Holdings), মনসি, নিউ ইয়র্ক:** রকল্যান্ড কাউন্টির টমচে শাবোস (Tomche Shabbos) এবং নর্থইস্টার্ন নিউ ইয়র্কের আঞ্চলিক ফুড ব্যাংকের মাধ্যমে 7,000 কোশার খাবার বন্টন করা হবে।
    - খাবারগুলোর মধ্যে বিফ ব্রিস্কেট উইথ গ্র্যাভি, স্ম্যাশড ইউকন পটেটো, চার্ড গ্রিন বিন, ও ফলের মোরব্বা; এবং চিনের ব্রেস্ট, পাঁচমিশালি মাশরুম, ব্রাউন রাইস উইথ লেন্টিস এন্ড বিন, ও রোস্টেড পিয়ার্স, ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে।
    - নিউ ইয়র্ক থেকে সংগ্রহ করা উপাদানগুলোর মধ্যে পিঁয়াজ, গ্রিন বিন, আপেল, মাশরুম, নাশপাতি, ও মুরগী, ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে।
- **হাসকেল'স সিফুড মার্কেট এন্ড ক্যাফে (Haskell's Seafood Market and Café), ওয়েস্টহ্যাম্পটন, নিউ ইয়র্ক:** নিউ ডিরেকশন সার্ভিসেস (New Direction Services), ফুড ব্যাংক ফর দ্যা নিউ ইয়র্ক সিটি, ও লং আইল্যান্ড কেয়ার্স (Long Island Cares)-এর মাধ্যমে 500 এরও বেশি বেলার খাবার বন্টন করা হবে।
    - খাবারগুলোর মধ্যে পর্গি, বিনস, ব্রাউন রাইস, ও সবজি; টাইলফিশ কারি উইথ ফ্যারো ও সবজি; স্ট্রাইপড ব্যাস উইথ কুইনোয়া, লেনটিল, ও সবজি; ম্যাঙ্গো মাহি-মাহি উইথ ব্রাউন রাইস এন্ড ভেজিটেবলস; লেমন পেপার টুনা উইথ কুইনোয়া এন্ড ভেজিটেবলস; মঙ্কফিশ ফ্যারো রিসোটো উইথ ভেজিটেবলস; সিয়ার্ড সি স্ক্যালোপস উইথ কুইনোয়া এন্ড ভেজিটেবলস; এবং আরো অনেক কিছু অন্তর্ভুক্ত রয়েছে।
    - নিউ ইয়র্ক থেকে সংগ্রহ করা উপাদানগুলোর মধ্যে টুনা, মঙ্কফিশ, সি স্ক্যালোপ, আলু, পার্সলে, পাতা কপি, মধু, পর্গি, টাইলফিশ, স্ট্রাইপড ব্যাস, থাইম, পালং শাক, ইত্যাদি উপাদান অন্তর্ভুক্ত রয়েছে।
- **সেরেনডিপিটি (Serendipity), ইথাকা, নিউ ইয়র্ক:** এনফিল্ড ফুড প্যান্ট্রি (Enfield Food Pantry) এবং ফুড ব্যাংক অব দ্যা সাদার্ন টিয়ার (Food Bank of the Southern Tier)-এর মাধ্যমে 500 বেলার খাবার বন্টন করা হবে।
    - খাবারগুলোর মধ্যে রয়েছে: ভাত, মরিচ, পিঁয়াজ, টমেটো, রসুন, কেইপার, রোজমেরি, ও থাইম সহ মুরগীর মাংস; ভাত, গাজর, পালং শাক, ক্রিম, রোদে শুকানো টমেটো, পিঁয়াজ, রসুন, ও পারমিসান চিজ সহ মুরগীর মাংস;

বারবিকিউ সস, কর্ন সহ পুলড পর্ক, এবং সল্ট পটেটো; এবং কুসকুস, পিঁয়াজ, মরিচ, গাজর, গার্বানজো বিন, আলু, স্কোয়াশ, ফুলকপি, ও টমেটো সহ চিকেন সসেজ।

- নিউ ইয়র্ক থেকে সংগ্রহ করা উপাদানগুলোর মধ্যে পিঁয়াজ, রসুন, ক্রিম, ও আলু অন্তর্ভুক্ত রয়েছে।

এই কর্মসূচি পর্যায়ক্রমে রেস্তোরাঁগুলোর কাছ থেকে আবেদন গ্রহণ করা অব্যাহত রাখবে এবং তহবিল ফুরিয়ে যাওয়ার আগ পর্যন্ত এটি অব্যাহত থাকবে। এখানে বাড়তি তথ্য এবং এই কর্মসূচির আবেদনপত্র পাওয়া যাবে।

স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন, "আমাদের রেস্তোরাঁ শক্তিশালীকরণ কর্মসূচি জোরালোভাবে শুরু হয়েছে এবং স্টেটব্যাপী অভাবী নিউ ইয়র্কবাসীদের কাছে পৌঁছে যাচ্ছে এবং একইসাথে আমাদের রেস্তোরাঁগুলোকে এই চ্যালেঞ্জিং সময় অতিক্রম করায় সাহায্য করতে তাদের জন্য স্থিতিশীলভাবে গ্রাহক সরবরাহ করে যাচ্ছে। আমি আমাদের স্টেটের কোণায় কোণায় অবস্থিত রেস্তোরাঁগুলোকে নিজ নিজ কমিউনিটিতে পদক্ষেপ গ্রহণ করতে উৎসাহিত করছি। এই দারুণ কর্মসূচির সাথে সম্পৃক্ত হোন, এবং নিউ ইয়র্কে উৎপাদিত উপাদানগুলো ব্যবহার করার মাধ্যমে আমাদের কৃষকদের বাড়তি উন্নতির সুযোগ করে দিন।"

হাঙ্গার ফ্রি আমেরিকা (Hunger Free America)-এর CEO জোয়েল বার্গ বলেন, "এটি একই সময়ে ক্ষুধার্ত নিউ ইয়র্কবাসীদের কাছে খাবার পৌঁছে দেয়া এবং সংগ্রাম করে যাওয়া রেস্তোরাঁগুলোকে ব্যবসা ধরে রাখতে সাহায্য করার একটি চমৎকার উপায়। প্রবীণ ও প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ফেডারেল-অর্থায়নের SNAP সুবিধা পাওয়া সহজতর করার জন্য গভর্নরের গৃহীত গুরুত্বপূর্ণ উদ্যোগগুলোর সাথে সম্মিলিতভাবে এই প্রচেষ্টা এই চ্যালেঞ্জিং ছুটির মৌসুমে ক্ষুধা দূরীকরণে কিছুটা ভূমিকা রাখবে।"

ফিডিং নিউ ইয়র্ক স্টেট (Feeding New York State)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর ড্যান ইগান বলেন, "রেস্তোরাঁ শক্তিশালীকরণ কর্মসূচি নিয়ে গভর্নর হোকলের নেতৃত্ব সত্যিকার অর্থেই একটি অভিনব সরকারি নীতিমালার জন্ম দিয়েছে। ফুড ব্যাংক কমিউনিটিতে আমরা রেস্তোরাঁগুলোর সাথে নতুন অংশীদারিত্ব স্থাপন করতে সক্ষম হয়েছি, এবং এসব অংশীদারিত্বের মাধ্যমে এখন আমরা প্রত্যেক সপ্তাহে অত্যন্ত উচ্চ-মানসম্মত হাজার হাজার খাবার সরবরাহ করছি। নিজেদের কোনো দোষ ছাড়াই খাদ্য অনিরাপত্তার সম্মুখীন হওয়া নিউ ইয়র্কবাসীরা এসব উচ্চ-মানসম্মত খাবার উপভোগ করতে পারছেন। কৃষি ও বাজার বিভাগের কর্মীরা এই প্রচেষ্টার প্রতিটি পদক্ষেপে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। রেস্তোরাঁ শক্তিশালীকরণ কর্মসূচি কাজ করছে, এবং আমরা এটির অংশ হতে পেরে গর্বিত।।"

নিউ ইয়র্ক স্টেট রেস্টুরেন্ট অ্যাসোসিয়েশন (New York State Restaurant Association)-এর প্রেসিডেন্ট ও CEO মেলিসা ফ্লেইসচুট বলেন, "পৌঁছে দেয়া প্রতিটি খাবার এবং অংশগ্রহণকারী প্রতিটি রেস্তোরাঁর মধ্য দিয়ে রেস্তোরাঁ শক্তিশালীকরণ কর্মসূচি অর্থনৈতিক চ্যালেঞ্জ থেকে উত্তরণে একসঙ্গে কাজ করার ক্ষমতার দৃষ্টান্ত তুলে ধরছে। এসব মাইলফলক একটি মহামারী-পরবর্তী বিশ্বে আমাদের সেরে উঠায় সহায়তা করার জন্য নিউ

ইয়র্কের রেস্তোরাঁগুলোর যে গতিশীলতার প্রয়োজন তারই অংশ। এসব মাইলফলক অর্জনে এই কর্মসূচিকে এগিয়ে নেয়ার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ। রেস্তোরাঁ শিল্প এবং নিউ ইয়র্কবাসীদের উভয়ের জন্য টেকসই ও দীর্ঘস্থায়ী সহায়তা নিশ্চিত করতে আমরা স্টেটের কর্মকর্তাদের সাথে অব্যাহতভাবে কাজ করে যাওয়ার প্রত্যাশা রাখি।"

নিউ ইয়র্ক স্টেট ল্যাটিনো রেস্টুরেন্ট বার এন্ড লাউঞ্জ অ্যাসোসিয়েশন (New York State Latino Restaurant Bar and Lounge Association)-এর প্রেসিডেন্ট জেফরি গার্সিয়া বলেন, "এই ছুটির মৌসুমে নিউ ইয়র্কবাসীদের কাছে কয়েক লক্ষাধিক খাবার পৌঁছে দেয়ার পাশাপাশি একই সময়ে কার্যক্রম পরিচালনা করতে সংগ্রাম করে যাওয়া স্টেটব্যাপী বহু রেস্তোরাঁয় অতি প্রয়োজনীয় মূলধন প্রবেশ করাবে এমন একটি অতি গুরুত্বপূর্ণ ও অভিনব কর্মসূচিতে গভর্নর হোকলের সাথে অংশীদার হতে পেরে আমরা রোমাঞ্চিত।"

এম্পায়ার স্টেট রেস্টুরেন্ট এন্ড ট্যাভার্ন অ্যাসোসিয়েশন (Empire State Restaurant & Tavern Association)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর স্কট ওয়েক্সলার বলেন, "চালু হওয়ার পরে অল্প সময়ের মধ্যেই রেস্তোরাঁ শক্তিশালীকরণ কর্মসূচি স্টেটব্যাপী নিউ ইয়র্কবাসীদের কাছে পুষ্টি সরবরাহ করার ক্ষেত্রে যে সাফল্য অর্জন করেছে তা দেখে আমরা উচ্ছসিত। এটি চলমান মহামারীর ফলে তৈরি হওয়া অর্থনৈতিক চ্যালেঞ্জগুলোর সাথে সংগ্রাম করে যাওয়া রেস্তোরাঁগুলোর জন্য গুরুত্বপূর্ণ ব্যবসার সুযোগ নিয়ে আসছে, এবং আমরা নিউ ইয়র্ক ব্যাপী রেস্তোরাঁগুলোকে এই প্রচেষ্টায় যোগদান করতে জোরালোভাবে উৎসাহিত করছি।"

নিউ ইয়র্ক সিটি হসপিটালিটি অ্যালায়েন্স (New York City Hospitality Alliance)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর অ্যান্ড্রু রিজি বলেন, "এই সাড়াদানকারী কর্মসূচি সংগ্রাম করতে থাকা রেস্তোরাঁগুলোর সাথে খাদ্য অনিরাপত্তার সম্মুখীন পরিবারগুলোর সংযোগ স্থাপন করছে, এবং কোভিড-19 মহামারীর দ্বারা আর্থিকভাবে বিপর্যস্ত হওয়া লোকজনের জন্য একটি সময়ানুগ ও প্রভাব সৃষ্টিকারী সংস্থান হিসেবে ভূমিকা রাখছে। এই ছুটির মৌসুমে নিউ ইয়র্কবাসীদের জন্য স্বস্তি বয়ে আনার পাশাপাশি একই সময়ে স্টেটজুড়ে মম-এন্ড-পপ রেস্তোরাঁগুলোকে শক্তি যোগান দেয়ার এই সুচিন্তিত কর্মসূচি এগিয়ে নেয়ায় তাদের নেতৃত্বের জন্য আমরা গভর্নর হোকল এবং আইন প্রণেতাদের প্রশংসা করি।"

25 মিলিয়ন ডলারের এই রেস্তোরাঁ শক্তিশালীকরণ কর্মসূচি রেস্তোরাঁ শিল্পের জন্য স্বস্তি বয়ে আনছে, যা অব্যাহতভাবে কোভিড-19 মহামারীর ফলে তৈরি হওয়া চ্যালেঞ্জগুলো মোকাবেলা করে যাচ্ছে। এই কর্মসূচি নারিশ নিউ ইয়র্ক ইনিশিয়েটিভ এর সফলতার সঙ্গে যোগ হতে যাচ্ছে, যা নিউ ইয়র্কের রেস্তোরাঁগুলো থেকে প্রস্তুতকৃত খাবার ক্রয় করে অভাবী পরিবারগুলোর কাছে পৌঁছে দেয়ার জন্য নিউ ইয়র্কের ফুড ব্যাংক ও জরুরি খাদ্য প্রদানকারীদের নেটওয়ার্কগুলোকে তহবিল প্রদান করছে।

রেস্তোরাঁ শক্তিশালীকরণ কর্মসূচি নিউ ইয়র্ক স্টেটের 2021-22 বাজেটে পাশ হওয়া তহবিল থেকে নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের তরফ থেকে নিউ ইয়র্ক স্টেটব্যাপী দশটি খাদ্য ব্যাংকের নেটওয়ার্কের কাছে অনুদান পৌঁছে দিচ্ছে। জরুরি খাদ্য প্রদানকারীরা নিউ ইয়র্ক স্টেটের কৃষি ও বাজার বিভাগ কর্তৃক উপযুক্ত বিবেচিত হওয়া রেস্তোরাঁগুলোর সঙ্গে সরাসরি

কাজ করবে। রেস্তোরাঁগুলো MyPlate.gov মানদণ্ড অনুসরণ করে খাবার প্রস্তুত করছে, এবং লাইসেন্সিং সংক্রান্ত আবশ্যকতার ব্যাপারে হালনাগাদ থাকছে, এবং সব স্বাস্থ্য নিরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। অংশগ্রহণকারী রেস্তোরাঁগুলোকে সম্ভাব্য ক্ষেত্রে নিউ ইয়র্ক থেকে সংগ্রহ করা উপাদানগুলো ব্যবহার করতে উৎসাহ দেয়া হচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418